# APA 2021-22 এর আওতায় প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণ

প্রশিক্ষণের বিষয়ঃ নিকষ ফন্টে বাংলা বিজয় কি-বোর্ড ব্যবহার এর উপর প্রশিক্ষণ ও অনুশীলন।

সময়ঃ সকাল ০১:৩০ ঘটিকা হতে দুপুর ৪:৩০ ঘটিকা পর্যন্ত (০৩ ঘন্টা ব্যাপী)

তারিখঃ ২৯/০৫/২০২২ খ্রি:

**প্রশিক্ষণের সারাংশ:**

(ক) সংশ্লিষ্ট বিষয়ের অন্তর্ভূক্ত অংশঃ সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস অত্র দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর আওতাধীন সেকশন-৩, ক.৪.২ "কর্মচারীদের সক্ষমতার উন্নয়ন" এর আওতায় অত্র প্রশিক্ষণটি অনুষ্ঠিত হচ্ছে মর্মে প্রশিক্ষণার্থীদের অবহিত করেন। সিনিয়র প্ল্যানার মহোদয় প্রশিক্ষণার্থীদের জানান যে, সরকারী নির্দেশনা মোতাবেক সরকারী সকল দাপ্তরিক পত্র, রিপোর্ট, ই-মেইল ইত্যাদি ক্ষেত্রে ইউনিকোড এবং Nikosh ফন্ট ব্যবহার করতে হবে। তিনি টাইপিং এর ক্ষেত্রে ইংলিশ ফন্টের কি-বোর্ড ব্যবহারের উপর জোর দেন। তিনি প্রশিক্ষণার্থীদের বিজয় কি বোর্ড সহজে ব্যবহারের জন্য ১ (এক) টি স্বরবর্ণ, ব্যঞ্জনবর্ণ এবং বিভিন্ন যুক্তাক্ষর সম্বলিত চার্ট প্রদর্শন করেন। তিনি চার্টটি প্রতিটি ডেস্কটপ কম্পিউটারের সম্মুখস্থ দেয়ালে পেস্টিং করে লাগিয়ে রাখার পরামর্শ দেন। তিনি অতঃপর প্রশিক্ষণার্থীদের উক্ত চার্ট ব্যবহার করে বাংলা টাইপিং করে দেখান এবং কিভাবে উক্ত চার্ট অনুসরণ করতে হবে তা বলেন। তিনি জানান যে, বিজয় কি-বোর্ড চার্ট এবং ইংলিশ কি-বোর্ড ব্যবহার করতে থাকলে ধীরে ধীরে কি-বোর্ডের ইংরেজী বর্ণগুলো Automatically বাংলা বর্ণে হাতে চলে আসতে থাকবে। অধিকতর অনুশীলনে বাংলা টাইপিং এর স্পীড ক্রমান্বয়ে বাড়তে থাকবে। তিনি প্রশিক্ষণার্থীদের আরো জানান যে, বর্তমানে যে কোন পদে বাংলা টাইপিং করতে পারা একটি ন্যূনতম দক্ষতা যা সবাইকে অর্জন করতেই হবে কারণ এখন টাইপ করা ছাড়া হাতে লেখা কোন দরখাস্ত বা চিঠি পত্রই দৃষ্টিনন্দন ও গ্রহণযোগ্য নয়। মন্ত্রণালয়ে কোন নোটসীট এখন হাতে লেখা হয় না বলেও তিনি জানান। তিনি প্রশিক্ষণার্থীদের অতঃপর যুক্তাক্ষর অনুশীলন করান।

(খ) প্রশিক্ষণার্থীদের মতামত/প্রতিক্রিয়াঃ প্রশিক্ষণটি কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

(গ) শাখা প্রধানের বক্তব্যঃ এ ট্রেনিং এর মাধ্যমে কর্মচারীদের বিজয় কি-বোর্ডে বাংলা টাইপিং ও ইউনিকোডে নিকষ ফন্ট ব্যবহার সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করেন।

Shaheen Ahmed 29/05/2022

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

## APA 2021-22 এর আওতায় প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণে সিলেট আঞ্চলিক অফিসের কর্মচারীদের উপস্থিতির তালিকা

প্রশিক্ষণের বিষয়ঃ নিকষ ফন্টে বাংলা বিজয় কি-বোর্ড ব্যবহার এর উপর প্রশিক্ষণ ও অনুশীলন।

সময়ঃ সকাল ০১:৩০ ঘটিকা হতে দুপুর ৪:৩০ ঘটিকা পর্যন্ত (০৪ ঘন্টা ব্যাপী)

তারিখঃ ২৯/০৫/২০২২ খ্রি:

প্রশিক্ষণ প্রদানকারীর নাম ও পদবী: জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার

| ক্র. নং | নাম | পদবী | প্রশিক্ষণার্থীর স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | বাদশা মিয়া 29/05/2022 |
| ২। | জনাব মোঃ নূরুজ্জামান ভূইয়া | রেখাকার | 29/05/2022 |
| ৩। | জনাব মোঃ রুবেল হোসেন | সার্ভেয়ার | 29/05/2022 |
| ৪। | জনাব আমির হামজা | খালাসী | আমির |

Shaheen Ahmed 29/05/2022

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট